গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mole.gov.bd

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১৩.৯৯.২৪.১৪.৩২ তারিখ: ২২ মাঘ ১৪২৬
০৫ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: **তথ্য অধিকার আইন ২০০৯-এর আওতায় তথ্য প্রদান প্রসঙ্গে।**

সূত্র: জনাব কাজী দ্রাকসিন্দা জবীন হতে প্রাপ্ত আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব কাজী দ্রাকসিন্দা জবীন, পিতা: কাজী মহিদুর রহমান, মাতা: মোসা: জেবন্নেসা বেগম, ঠিকানা: ৩১২, উঃ শাহজাহানপুর, ঢাকা ১২১৭ তথ্য প্রাপ্তির জন্য আবেদন করেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে চাহিত তথ্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ০২ (দুই) পাতা।

৫-২-২০২০
জাহানারা বেগম
যুগ্মসচিব

জনাব কাজী দ্রাকসিন্দা জবীন, পিতা: কাজী মহিদুর রহমান,
মাতা: মোসা: জেবন্নেসা বেগম, ঠিকানা: ৩১২, উঃ
শাহজাহানপুর, ঢাকা ১২১৭

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১৩.৯৯.২৪.১৪.৩২/১(৩) তারিখ: ২২ মাঘ ১৪২৬
০৫ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, সচিব এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
২) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫-২-২০২০
জাহানারা বেগম
যুগ্মসচিব

<u>তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় সরবরাহকৃত তথ্য</u>

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর |
|---|---|---|
| ১। | (ক) "আই,এল,ও অনুযায়ী একজন শ্রমিকের কর্মঘণ্টা কতক্ষণ? যারা ঝুঁকিপূর্ণ কাজ করেন শ্রম আইনের অধিনে তাদের জন্য কোন ইনসুরেন্স/বীমার ব্যবস্থা আছে কিনা? শ্রমের মূল্য কিভাবে নির্ধারণ করা হয়? শ্রম আইনের অধীনে এর কোন শ্রেণী বিন্যাস আছে কিনা? জানতে চাই।" | **১ম অংশ:** আইএলও অনুসারে একজন পূর্ণবয়স্ক শ্রমিকের দৈনিক কর্মঘণ্টা আট ঘণ্টা। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা-১০০ অনুযায়ী একজন শ্রমিকের দৈনিক কর্মঘণ্টা আট ঘণ্টা। তবে ধারা-১০৮ অনুযায়ী অধিকাল কর্মের জন্য সাধারণ হারের দ্বিগুণ হারে অতিরিক্ত ভাতা গ্রহণ সাপেক্ষে কোন শ্রমিক দৈনিক দশ ঘণ্টা পর্যন্ত কাজ করতে পারবেন।<br>একই আইনের ধারা ১০২ মোতাবেক:<br>সাপ্তাহিক কর্মঘণ্টা: (১) কোন প্রাপ্তবয়স্ক শ্রমিক কোন প্রতিষ্ঠানে সাধারণত সপ্তাহে আটচল্লিশ ঘণ্টার অধিক সময় কাজ করবেন না বা তাকে দিয়ে কাজ করানো যাবে না।<br>(২) ধারা ১০৮ এর বিধান সাপেক্ষে, কোন প্রাপ্তবয়স্ক শ্রমিক কোন প্রতিষ্ঠানে সপ্তাহে আটচল্লিশ ঘণ্টার অধিক সময়ও কাজ করতে পারবেন।<br>তবে শর্ত থাকে যে, কোন সপ্তাহে উক্তরূপ কোন শ্রমিকের মোট কর্ম-সময় ষাট ঘণ্টার অধিক হবে না, এবং কোন বছর উহা গড়ে প্রতি সপ্তাহে ছাপ্পান্ন ঘণ্টার অধিক হবে না।<br>আরও শর্ত থাকে যে, কোন সড়ক পরিবহণ প্রতিষ্ঠানে চাকুরীরত কোন শ্রমিকের সর্বমোট অতিরিক্ত কর্মঘণ্টা বছরে একশত পঞ্চাশ ঘণ্টার অধিক হবে না।<br>একই আইনের ধারা ১০৫ মোতাবেক:<br>কর্ম সময়ের সম্প্রাসরণ: কোন প্রতিষ্ঠানে কর্মরত কোন প্রাপ্ত বয়স্ক শ্রমিকের কাজের সময় এমনভাবে ব্যবস্থা করতে হবে যেন, ধারা ১০১ এর অধীন তাহার আহার ও বিশ্রামের বিরতি ব্যাতিত তা দশ ঘণ্টার অধিক সম্প্রারিত না হয়, তবে সরকার কর্তৃক সাধারণভাবে অথবা কোন বিশেষ প্রতিষ্ঠান সম্বন্ধে প্রদত্ত অনুমতির ভিত্তিতে এবং তৎকর্তৃক আরোপিত শর্তে এর ব্যতিক্রম করা যাবে।<br>**২য় অংশ:** বাংলাদেশ শ্রম আইনের ধারা ৯৯ অনুযায়ী, যেসকল প্রতিষ্ঠানে অন্যূন ১০০ জন স্থায়ী কর্মচারী কর্মরত আছেন, সেখানে মালিক প্রচলিত বীমা আইন অনুযায়ী গ্রুপ বীমা চালু করবেন। ঝুঁকিপূর্ণ কাজও এই বিধানের অন্তর্ভুক্ত।<br>**৩য় অংশ:** বিভিন্ন সেক্টরের জন্য নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নতম মজুরি বাংলাদেশ সরকার গেজেট আকারে ঘোষণা করেন। কয়েক বছর পর পর বিভিন্ন সেক্টরে পদভিত্তিক এ মজুরি ঘোষণা করা হয়। শ্রম আইনে সরাসরি মজুরিভিত্তিক কোন শ্রেণীবিন্যাসের উল্লেখ নেই। |

| | | |
|---|---|---|
| | (খ) "শ্রমিকদের পেনশন/বার্ধক্যকালীন ভাতা দেয়ার ব্যাপারে সরকার ও কোম্পানি আইনের পক্ষ থেকে কোন ব্যবস্থা আছে কিনা? জানতে চাই।" | শ্রমিকদের পেনশন/বার্ধক্যকালীন ভাতা দেয়ার ব্যাপারে সরকার ও কোম্পানি আইন সম্পর্কিত কোন তথ্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে নেই. |
| | (গ) "শিশু শ্রমের কোন আইন প্রনয়ণ করা হয়েছিল কিনা? করা হয়ে থাকলে গত ২০১৮-২০১৯ অর্থ-বছরে এই আইন প্রয়োগের নথি পেতে চাই।" | শিশু শ্রমের কোন আইন প্রনয়ণ করা হয়নি। |

তথ্য অধিকার আইন ২০০৯ মোতাবেক এই তথ্য সরবরাহ করা হলো।

08/02/2020

(জাহানারা বেগম)
যুগ্মসচিব (বাজেট)
ফোন: ৯৫৭৫৫৮৭
Email: section3@mole.gov.bd